



আফগানিস্তানে বিমান হামলার অভিযোগ নাকচ করলেন পাকিস্তান



সংগৃহীত ছবি

আফগানিস্তানে বিমান হামলা চালানোর অভিযোগ সরাসরি নাকচ করেছে পাকিস্তান। মঙ্গলবার (২৫ নভেম্বর) নিয়মিত ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পাকিস্তান সেনাবাহিনীর মুখপাত্র লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শরীফ চৌধুরী বলেন, তালেবান সরকারের অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন এবং “বাস্তবতার সঙ্গে কোনো সম্পর্ক নেই”।

তিনি স্পষ্ট করে জানান, পাকিস্তান কখনোই আফগান জনগণের বিরুদ্ধে অভিযান চালায় না; দেশটির একমাত্র লক্ষ্য সন্ত্রাসবাদ দমন। “আমরা যদি কোনো সামরিক পদক্ষেপ নিতাম, তা গোপন রাখতাম না,”—যোগ করেন তিনি।

অন্যদিকে কাবুলের দাবি, খোস্তসহ কয়েকটি প্রদেশে পাকিস্তানের বিমান হামলায় অন্তত ১০ জন নিহত হয়েছে, যার মধ্যে ৯ শিশু রয়েছে। তবে পাকিস্তান এই অভিযোগকে উদ্দেশ্যপ্রণোদিত বলে উল্লেখ করেছে।

সাম্প্রতিক মাসগুলোতে দুই দেশের সীমান্তে উত্তেজনা তীব্র হয়ে উঠেছে। গত মাসে তালেবান যোদ্ধা ও পাকিস্তানি বাহিনীর সংঘর্ষে বহু হতাহতের ঘটনা ঘটে। ইসলামাবাদ দাবি করে, নিষিদ্ধঘোষিত সশস্ত্র গোষ্ঠী টিটিপিকে আশ্রয়দানের মাধ্যমে আফগানিস্তান অঞ্চলটিকে অস্থিতিশীল করে তুলছে— আর এই অভিযোগ ঘিরেই সম্পর্কের টানা পোড়েন আরও গভীর হয়েছে।